ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৩৩২৭

আগরতলা, ২১ অক্টোবর, ২০২৫

**আগামী দিনেও দক্ষতা এবং পারদর্শিতার সাথে নিরাপত্তাবাহিনীর সদস্যগণ তাদের দায়িত্ব পালন করবেন বলে আশা ঃ মুখ্যমন্ত্রী**

সারা দেশের সাথে রাজ্যেও যথাযোগ্য মর্যাদায় আজ পুলিশ স্মৃতি রক্ষা দিবস পালন করা হয়। আগরতলার অরুন্ধতীনগরস্থিত মনোরঞ্জন দেববর্মা স্মৃতি স্টেডিয়ামে মূল অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা কর্তব্যরত অবস্থায় যেসব পুলিশকর্মী ও জওয়ান শহীদ হয়েছেন তাদের স্মৃতির প্রতি শ্রদ্ধা জানিয়ে স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধা জ্ঞাপন করেন। মুখ্যসচিব জে কে সিনহা, রাজ্য পুলিশের মহানির্দেশক অনুরাগ সহ পুলিশের পদস্থ আধিকারিকগণ শহীদদের স্মৃতিতে শ্রদ্ধাঞ্জলি অর্পণ করেন। পুলিশ স্মৃতিরক্ষা দিবস অনুষ্ঠানে গত ১ সেপ্টেম্বর, ২০২৪ থেকে ৩১ আগস্ট, ২০২৫ পর্যন্ত কর্তব্যরত অবস্থায় যারা শহীদ হয়েছেন দেশের এমন ১৯১ জন পুলিশ ও জওয়ানদের প্রতি শ্রদ্ধা নিবেদন করা হয়।এর মধ্যে রাজ্যের ২জন রয়েছেন। রাজ্য পুলিশের সাব-ইন্সপেক্টর ডেভিড ডার্লং উত্তর ত্রিপুরার খেদাছড়ায় এবং টিএসআর জওয়ান রাইফেলম্যান মিলন দেববর্মা কৈলাসহর থানাধীন চিড়াকুটি ট্রাইজাংশনে কর্তব্যরত অবস্থায় শহীদ হন। মুখ্যমন্ত্রী শহীদ সাব-ইন্সপেক্টর ডেভিড ডার্লং এবং রাইফেলম্যান মিলন দেববর্মার স্মৃতির প্রতি শ্রদ্ধা জানান এবং তাদের পরিবার-পরিজনদের প্রতি সমবেদনা জ্ঞাপন করেন।

রাজ্য আরক্ষা দপ্তর আয়োজিত এই অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা বলেন, আজকের দিনটি পুলিশকর্মী ও জওয়ান যারা শহীদের মৃত্যু বরণ করেন তাদের স্মৃতিতে শ্রদ্ধা নিবেদন ও স্মরণ করার দিবস। যারা দেশের সেবা ও নাগরিকদের নিরাপত্তায় আত্মত্যাগ করেছেন এই দিনটিতে সেইসব বীর পুলিশকর্মী ও জওয়ানদের শ্রদ্ধার সঙ্গে স্মরণ করা হয়। দেশের আধাসামরিক বাহিনী, পুলিশ বাহিনী ও সীমান্তে নিরাপত্তা রক্ষায় নিয়োজিত জওয়ানগণ যেভাবে নিষ্ঠার সঙ্গে কর্তব্য পালন করে আসছেন আগামীদিনেও দক্ষতা এবং পারদর্শিতার সাথে তারা নিজেদের দায়িত্ব পালন করবেন বলে মুখ্যমন্ত্রী আশা প্রকাশ করেন। শুধু তাই নয়, নাগরিকদের নিরাপত্তার পাশাপাশি দেশের সার্বভৌমত্ব এবং অখন্ডতা রক্ষায়ও তারা কাজ করছেন বলে মুখ্যমন্ত্রী উল্লেখ করেন। উল্লেখ্য, ১৯৫৯ সালের আজকের দিনেই লাদাখের হট স্প্রিং-এ টহলদারী পুলিশকর্মী ও জওয়ানদের উপর অতর্কিত হামলায় ১০ জন পুলিশকর্মী শহীদ হন। সেই দিনটির স্মরণে পুলিশ স্মৃতিরক্ষা দিবস পালন করা হয়।

******